


কোভিড-19 হলে কীভাবে ভোট দিবেন

BE COVIDSAFE

আপনার যদি কোভিড-19 হয়, এবং আপনি নির্বাচনের দিন সঙ্গনিরোধে থাকেন, তাহলে আপনি 21 মে 2022 শনিবার ফেডারেল নির্বাচনের দিন ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবেন না।

বৃহস্পতিবার 19 মে থেকে শনিবার 21 মে পর্যন্ত ফোনে ভোট দেয়া যাবে, তবে শুধু তারাই ফোনে ভোট দিতে পারবেন, যাদের শুক্রবার 13 মে স্থানীয় সময় সন্ধ্যা ৬টার পর কোভিড-19 ধরা পড়েছে।

আপনি যদি আক্রান্ত কারও ঘনিষ্ঠ সংস্পর্শে আসেন, কিন্তু আপনার কোন লক্ষণ না থাকে, এবং আপনাকে সঙ্গনিরোধে থাকতে হচ্ছে না, সেক্ষেত্রে আপনি কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারেন।



ফোনে কীভাবে ভোট দিতে হয়

1 নিবন্ধন করা

- আপনার যে কোভিড-19 হয়েছে তার প্রমাণাদি তৈরি করে রাখুন। এগুলো হবে:
 - PCR টেস্ট হলে কোভিড ধরা পড়ার তারিখ, সময়, এবং টেস্টিং সেন্টারের স্থান এবং আপনার স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছ থেকে একটি রেফারেন্স নম্বর (যদি থাকে)।
 - RAT (র‍্যাপিড অ্যানটিজেন টেস্ট) হলে এর ব্র্যান্ড এবং সিরিয়াল নম্বর (যদি থাকে), কোভিড ধরা পড়ার তারিখ ও সময়, এবং যে স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছে আপনার পজিটিভ টেস্ট নিবন্ধন করেছেন তাদের রসিদ নম্বর (যদি থাকে)।
- **1800 413 960** নম্বরে কল করে রেজিস্টার করার জন্য অপশন 1 চাপুন। আপনার ভাষায় কথা বলেন এমন একজন দোভাষী চেয়ে নিতে পারেন। আপনার প্রমাণাদি সাথে রাখুন। কারণ কল করার সময় আপনাকে এই ঘোষণা দিতে বলা হবে যে, আপনি কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারছেন না, কারণ কোভিড-19 হওয়ায় আপনি সঙ্গনিরোধে আছেন।
- আপনাকে এসএমএস অথবা ইমেইলের মাধ্যমে ৮ ডিজিটের একটি ফোন ভোটিং রেজিস্ট্রেশন নম্বর, এবং একটি ৬ ডিজিটের সুরক্ষিত PIN দেয়া হবে। ভোট দেয়ার জন্য যখন আপনি কল করবেন, তখন আপনাকে অবশ্যই এগুলো ব্যবহার করতে হবে।

2 ভোট দেয়া

কলের অপেক্ষার সময় দীর্ঘ হওয়ার সম্ভাবনা আছে।

- আপনার নির্বাচনী বিভাগের জন্য নির্ধারিত ব্যালট পেপারের ছবি দেখতে আপনার SMS বা ইমেইলে পাঠানো লিঙ্কে যান।
- আপনার ৮ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর, PIN এবং কাকে ভোট দেবেন, তা প্রস্তুত রাখুন।
- **1800 413 960** নম্বরে কল করে ভোট দেয়ার জন্য অপশন 2 চাপুন। আপনার ভাষায় কথা বলেন এমন একজন দোভাষী চেয়ে নিতে পারেন। অপারেটর আপনাকে:
 - ফোনে ভোট দেয়ার জন্য আপনি যোগ্য কি না, তা আবার নিশ্চিত করতে বলবেন
 - আপনার ৮ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর এবং ৬ ডিজিটের সুরক্ষিত PIN টি দিতে বলবেন (আপনার নাম এবং ঠিকানা বলবেন না – এতে করে আপনার ভোটের গোপনীয়তা রক্ষা করা যাবে)
 - আপনার সামনে আপনার ব্যালট পেপারের একটি ছবি আছে, তা নিশ্চিত করতে বলবেন
 - আপনার ভোটটি কীভাবে রেকর্ড করতে চান, অপারেটর সে ব্যাপারে জিজ্ঞাসা করবেন
 - কল শেষ করার আগে আপনি যে এভাবেই ভোট দিতে চান, তা নিশ্চিত করতে বলবেন।

কাজের সময়সূচী

অনলাইন রেজিস্ট্রেশন

| | | |
|------------|--------------|----------------------|
| খোলা থাকবে | বুধবার 18 মে | সন্ধ্যা 6.01 টা AEST |
| বন্ধ হবে | শনিবার 21 মে | বিকেল 4.00 টা AEST |

ফোন রেজিস্ট্রেশন

| | |
|-------------------|--|
| বৃহস্পতিবার 19 মে | স্থানীয় সময় সকাল 8.30টা থেকে বিকেল 5.30টা পর্যন্ত |
| শুক্রবার 20 মে | স্থানীয় সময় সকাল 8.30টা থেকে বিকেল 5.30টা পর্যন্ত |
| শনিবার 21 মে | স্থানীয় সময় সকাল 8.00টা থেকে বিকেল 4.00টা পর্যন্ত |

ফোন ভোটিং

| | |
|-------------------|--|
| বৃহস্পতিবার 19 মে | স্থানীয় সময় সকাল 8.30টা থেকে বিকেল 5.30টা পর্যন্ত |
| শুক্রবার 20 মে | স্থানীয় সময় সকাল 8.30টা থেকে সন্ধ্যা 6.00টা পর্যন্ত |
| শনিবার 21 মে | স্থানীয় সময় সকাল 8.00টা থেকে সন্ধ্যা 6.00টা পর্যন্ত |

শনিবার 21 মে সন্ধ্যা 6.00টায় ভোট কেন্দ্র বন্ধ হয়ে গেলেও আপনি নিবন্ধিত হলে এবং লাইনে অপেক্ষমাণ থাকলে ভোট দিতে পারবেন।

আপনার ভোট সুরক্ষিত থাকবে

ফোনে ভোটের স্বচ্ছতা নিশ্চিত করার পদ্ধতিগুলি অস্ট্রেলিয়ান ইলেক্টোরাল কমিশন কর্তৃক ভোট কেন্দ্রে প্রয়োগ করার পদ্ধতিগুলোর মতোই, যেগুলো নির্বাচনী আইন মেনে চলে।